

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.bogra.gov.bd



স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০১১.৩১.০০৪.২৩.৪৬৬

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯

০৯ মার্চ ২০২৩

বিষয়: এলপি গ্যাস পূর্ণ সিলিন্ডার বিস্ফোরকের অনুমোদন ব্যতীত মুদি দোকান ও ঔষধের দোকানে বিক্রয় না করা প্রসঙ্গে

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ অধিশাখা এর ২৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৪.০০.০০০০.৫২২.৯৯.০০১.২৩.৪৪ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারা বাংলাদেশে মুদি দোকান, ঔষধের দোকান, হার্ডওয়্যার এর দোকানে এমনকি কনফেশনারী দোকানেও এলপি গ্যাস পূর্ণ সিলিন্ডার বিক্রি করা হচ্ছে। এলপি গ্যাস সিলিন্ডার মজুদ, সংরক্ষণ ও ব্যবসা পরিচালনার জন্য এলপি গ্যাস বিধিমালা-২০০৪, এরপিজি বিস্ফোরক অ্যাক্ট-১৯৮৪ এবং এতদসংক্রান্ত সকল নীতিমালা অনুসরণ করার বিধান রয়েছে। উক্ত বিধান অনুসরণ না করে দেশের বিভিন্ন স্থানে মুদি দোকান, ঔষধের দোকান, হার্ডওয়্যার এর দোকানে এমনকি কনফেশনারী দোকানেও এলপি গ্যাস পূর্ণ সিলিন্ডার বিক্রি করা হচ্ছে, যার ফলে বিভিন্ন সময়ে দুর্ঘটনার সম্ভাবনা এবং জনগণের জানমালের হুমকি রয়েছে। এ অবস্থা হতে উত্তোরণের জন্য সংশ্লিষ্ট আইন/নীতিমালা/বিধিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকপত্রে অনুরোধ করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা রোধ এবং জনগণের জানমাল রক্ষার্থে মুদি দোকান, ঔষধের দোকান, হার্ডওয়্যার এর দোকানে এমনকি কনফেশনারী দোকানেও এলপি গ্যাস পূর্ণ সিলিন্ডার বিক্রি বন্ধ করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইন/নীতিমালা/বিধিমালার আলোকে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে

৯-৩-২০২৩

মোছাঃ আফসানা ইয়াসমিন
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

বিতরণ :

- ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া
- ২) সহকারী কমিশনার (ভূমি), (সকল), বগুড়া।
- ৩) সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০১১.৩১.০০৪.২৩.৪৬৬/১

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯
০৯ মার্চ ২০২৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে
নয়):-

- ১) জনাব মোঃ মামুন (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেটসি পরিবীক্ষণ অধিশাখা, ঢাকা।
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া
- ৩) সহকারী কমিশনার (গোপনীয়), বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, বগুড়া। তাকে বিষয়টি সতর্কতামূলক বহল প্রচারের নিমিত্ত স্থানীয় পত্রিকায় প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ৫) অফিস কপি।



৯-৩-২০২৩

মোছাঃ আফসানা ইয়াসমিন
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট